

গ্রামীণ ব্যাংকের Web-Based Microfinance Management System বাস্তবায়ন

গ্রামীণ ব্যাংক তার সক্ষমতা বৃদ্ধি, গ্রাহক সেবা উন্নতকরণ এবং ডেটা নিরাপত্তা জোরদারের লক্ষ্যে একটি আধুনিক ডিজিটাইজেশন ও অটোমেশন যাত্রা শুরু করতে যাচ্ছে। আমরা একটি অভিজ্ঞ তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান খুঁজছি যা গ্রামীণ ব্যাংকের বর্তমান ডিসেট্রাইজড Desktop Based ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য প্রযুক্তি সিস্টেম থেকে একটি আধুনিক নিরাপদ ও সেন্ট্রাইজড Web Based সিস্টেমে রূপান্তর করবে। এই RFP গ্রামীণ ব্যাংকের নতুন ডিজিটাল যাত্রার লক্ষ্য অর্জনে একটি আধুনিক ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সল্যুশন তৈরী ও স্থাপনার লক্ষ্যে প্রকাশ করা হচ্ছে।

১। কাজের পরিধি (Scope of Work)

১.১ কার্যকরী (Functional) প্রয়োজনীয়তা

নিচে কেবল মাত্র কিছু মূল চাহিদা উল্লেখ করা হলো। সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান নিজ দায়িত্বে কাজের বিস্তারিত পরিধি জেনে নিবেন।

- ১.১.১ ক্ষুদ্রঋণ কার্যক্রম, সেভিংস ব্যাংকিং (সঞ্চয়ী ব্যাংকিং), মানবসম্পদ ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ ব্যবস্থাপনা, সাপ্লাইচেইন ব্যবস্থাপনা, হিসাব মডিউলসহ Back অফিস ব্যবস্থাপনা সিস্টেমে সংযোজিত থাকতে হবে।
- ১.১.২ গ্রামীণ ব্যাংকের কিস্তি বা যে কোন বিতরণ ও আদায়ের ব্যবস্থা যে কোন সময় যে কোন স্থান থেকে ডিজিটাল ডিভাইস এর মাধ্যমে কার্যকর করার ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.৩ Internet Connection না থাকলেও শাখা থেকে Data Load করে অফলাইনে কেন্দ্র কালেকশন সম্পন্ন করা এবং Internet Connection Re-Establish হলে Data Auto Sync হওয়ার ব্যবস্থা অর্থ্যাৎ App/Web- ভিত্তিক Synchronization সুবিধা (Offline to Online) সহকারে ডিজাইন থাকতে হবে।
- ১.১.৪ Duplicate Member Checking এর ব্যবস্থা থাকতে হবে। অর্থ্যাৎ একই ব্যক্তি গ্রামীণ ব্যাংকের একাধিক শাখার সদস্য আছেন কি না তা যাচাইয়ের ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.৫ নগদে, মোবাইল ব্যাংকিং এবং কমার্শিয়াল ব্যাংকিং - যে কোন ভাবেই ঋণ ও সঞ্চয় জমার ব্যবস্থা থাকতে হবে। কিস্তি পরিশোধের পরে SMS এর মাধ্যমে টাকা প্রাপ্তির মেসেজ প্রদানের ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.৬ নতুন সদস্য অন্তর্ভুক্তির ০১ মাসের (মেয়াদ পরিবর্তনের সক্ষমতা সহ) মধ্যে ঋণ না নিলে স্বয়ংক্রিয়ভাবে তার নাম Delete করার ব্যবস্থা রাখতে হবে বা এ জাতীয় Policy গ্রামীণ ব্যাংকের হাতে Configuration এর ব্যবস্থা রাখতে হবে।
- ১.১.৭ System-এ এমন ব্যবস্থা রাখতে হবে যাতে করে ০৩ বছর বা পূর্বের যে কোন সময়ের পরও যদি কোন সদস্য নতুন করে ঋণের আবেদন করেন তাহলে তার পূর্বের লেনদেনের বিষয়ে বিস্তারিত তথ্য দেখে ঋণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত নেয়া যায়। এক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আবেদনকারীর আর্থিক লেনদেনের অভ্যাস, সামর্থ্য, বিনিয়োগের উদ্দেশ্য, ঝুঁকি ইত্যাদি বিষয় বিবেচনা করে ঋণসীমা নির্ধারণের পরামর্শ প্রদান করার ব্যবস্থা রাখতে হবে।
- ১.১.৮ Automation System-কে User Friendly করার জন্য Color Coding System ব্যবহার করতে হবে। যেমন, Due বা Drop ঋণীদের জন্য এক ধরনের রং, Overdue হতে যাচ্ছে এমন ঋণীদের জন্য এক ধরনের রং, চলতি সপ্তাহে ২৩ সপ্তাহ উত্তীর্ণ হবে এমন ঋণীদের জন্য এক ধরনের রং। এছাড়াও গ্রামীণ ব্যাংক কর্তৃক নির্ধারিত ভিন্ন ভিন্ন ধরনের গ্রাহকদের জন্য ভিন্ন ভিন্ন ধরনের Color Code ব্যবহার করার সুযোগ থাকতে হবে।
- ১.১.৯ একই ক্ষীণে Loan, Savings এবং Insurance কালেকশনের ব্যবস্থা রাখতে হবে।
- ১.১.১০ গ্রামীণ ব্যাংকের Product গুলো Dynamic রাখতে হবে যাতে করে বিদ্যমান Product এর কোন Policy Change করতে চাইলে নতুন Product তৈরি করতে না হয়। প্রয়োজনে Client এর ধরণ বা Quality অনুযায়ী বিভিন্ন ধরনের Product-এ বিভিন্ন প্রকার Interest চার্জ করা যায় এমন ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.১১ সদস্যের আর্থিক স্বাধীনতা (Financial Freedom) নিশ্চিত করার ব্যবস্থা থাকতে হবে। যে কোন জরুরী প্রয়োজনে ২৪/৭ একটা নির্দিষ্ট পরিমাণ পর্যন্ত সঞ্চয় উত্তোলন এর ব্যবস্থা রাখতে হবে। এক্ষেত্রে বিভিন্ন ধরনের নির্ণায়ক বিবেচনায় এ হার নির্ধারণের ব্যবস্থা থাকতে হবে।

- ১.১.১২ Real Time Report Generation এর ব্যবস্থা থাকতে হবে। Microsoft Power BI System বা সমতুল্য সফটওয়্যার এর মাধ্যমে রিপোর্ট বিশ্লেষণ ও উপস্থাপন করার সুযোগ থাকতে হবে।
- ১.১.১৩ গ্রামীণ ব্যাংকের প্রতিটি কর্মীর কার্যক্রম নিরীক্ষণ ও নিয়ন্ত্রণের জন্য End Point ভিত্তিক অটোমেশন ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.১৪ কোন কারণে কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত সহকর্মী অসুস্থ হলে বা শাখা ব্যবস্থাপক কোন বিশেষ কারণে কোন Indefinite Time এর জন্য নিজে বা শাখার অন্য কোন সহকর্মীকে কেন্দ্র Assign করার ব্যবস্থা অর্থ্যাৎ Allocation বা Re-Allocation এর ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.১৫ তদারককারী কর্মকর্তা এবং ফিল্ড পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অবস্থান নির্ণয় বা মনিটরিং-এর জন্য GPS Tracking System ব্যবহার করে Real Time Location Trace করার ব্যবস্থা থাকতে হবে।
- ১.১.১৬ সম্পূর্ণ Automation System-কে Modular Architecture ভিত্তিক হতে হবে, যাতে করে ভবিষ্যতে গ্রামীণ ব্যাংকের উচ্চতর ম্যানেজমেন্ট কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সমূহ খুব সহজেই System-এ Implement করা যায়।
- ১.১.১৭ System-এ Guarantor Management Module থাকতে হবে।

১.২ প্রযুক্তিগত (Technical) প্রয়োজনীয়তা

- ১.২.১ সিস্টেমটি ওয়েব-ভিত্তিক হতে হবে এবং মাইক্রো সার্ভিস আর্কিটেকচার ভিত্তিক উন্নত প্রযুক্তি ব্যবহার করতে হবে।
- ১.২.২ সিস্টেমে মোবাইল অ্যাপ্লিকেশন (Android/iOS) সহ অনলাইন/অফলাইন ডাটা এন্ট্রির সুবিধা থাকতে হবে, যা ইন্টারনেট সংযোগ না থাকলেও কাজ করবে এবং সংযোগ পাওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে ডাটা Sync করবে।
- ১.২.৩ API এর মাধ্যমে Third Party App ইন্টিগ্রেশন সুবিধা (MFS, SMS Gateway, ই-সিগনেচার, ইত্যাদি) থাকতে হবে।
- ১.২.৪ সিস্টেমে রিয়েল-টাইম ড্যাশবোর্ড ও অ্যানালিটিক্স (যেমন Power BI বা সমতুল্য সফটওয়্যার ইন্টিগ্রেশন) সুবিধা থাকতে হবে।
- ১.২.৫ ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকের ICT নীতিমালা অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা (MFA, ডাটা এনক্রিপশন, রোল-বেসড অ্যাক্সেস কন্ট্রোল) থাকতে হবে।
- ১.২.৬ ডেটা ব্যাকআপ ও ডিজাস্টার রিকভারি সিস্টেম থাকতে হবে, যা ২৪/৭ অপারেশন সাপোর্ট করতে পারবে।
- ১.২.৭ সফটওয়্যারটি বাংলা ও ইংরেজি উভয় ভাষায় ব্যবহার যোগ্য হতে হবে (Unicode)।
- ১.২.৮ এমন সিস্টেম হতে হবে যা ইতিমধ্যে গ্রামীণ ব্যাংকের প্রয়োজনীয় ডেটা ফরম্যাট ও রিপোর্টিং স্ট্যান্ডার্ড সাপোর্ট করে।
- ১.২.৯ গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়ে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান এর সার্ভারের Mirror গ্রামীণ ব্যাংকের সম্পূর্ণ নিয়ন্ত্রণ সহ Data Replication করার ব্যবস্থা থাকতে হবে।
- ১.২.১০ সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক Firewall সহ গ্রামীণ ব্যাংকের যাবতীয় Data সুরক্ষার ব্যবস্থা করতে হবে।
- ১.২.১১ Loan Disbursements/Savings Withdrawal এর সময় Client এর ID Verification এর জন্য Biometric System এর পাশাপাশি Face Detection/ NID Verification/ Confirmation Over Voice Call/Voice Message/ OTP ইত্যাদি ব্যবস্থা থাকতে হবে।
- ১.২.১২ সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠানের নিজস্ব Server System (Server, DC & DR) থাকতে হবে।

১.৩ অন্তর্বর্তী ব্যবস্থা

গ্রামীণ ব্যাংকের বর্তমান ডিসেটলাইজড Desktop Based ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য প্রযুক্তি সিস্টেম থেকে একটি আধুনিক নিরাপদ ও সেন্ট্রালাইজড Web Based সিস্টেমে রূপান্তর সম্পূর্ণ হওয়ার আগ পর্যন্ত অন্তর্বর্তী ব্যবস্থা হিসেবে নিম্নলিখিত পদক্ষেপ গুলো গ্রহণ এবং নিশ্চিত করতে হবে।

১.৩.১ কার্যাদেশ পাওয়ার এক মাসের মধ্যে গ্রামীণ ব্যাংকের বর্তমান এরিয়া অফিসে স্থাপিত ২৫৬টি সার্ভারের ডাটা একটি কেন্দ্রীয় সার্ভারে/ ক্লাউড সার্ভারে স্থানান্তর করতে হবে।

১.৩.২ কার্যাদেশ পাওয়ার পরে দুই মাসের মধ্যে এই ডাটা থেকে কিছু নির্দিষ্ট রিপোর্ট তৈরি করার ব্যবস্থা করে দিতে হবে। এর মধ্যে প্রধান দুটি রিপোর্ট হচ্ছেঃ

ক) প্রতিষ্ঠানের প্রয়োজনে বিভিন্ন প্রকার দৈনিক, সাপ্তাহিক, মাসিক, ষান্মাষিক ও বাৎসরিক রিপোর্ট প্রদান করতে হবে। যার মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবেঃ

১. ঋণ বিতরণ ও পরিশোধ,
২. নিয়মানুযায়ী পাওনা কিস্তি (সুদসহ পাওনা দেখাতে হবে), আদায়হার ও স্থিতি ঋণী সংখ্যাঃ
৩. আমানত সংক্রান্ত তথ্য (এ মাস)
৪. এ মাসে জি.পি.এস. অ্যাকাউন্ট প্রতি গড় জমা
৫. বিশেষ বিনিয়োগ প্রকল্প (এ মাস)
৬. চুক্তিযোগ্য টাকা-২ সংক্রান্ত তথ্য (এ মাস)
৭. চুক্তিঋণ-২ সংক্রান্ত তথ্য (এ মাস)
৮. অন্যান্য তথ্য (সদস্য/গ্রুপ/কেন্দ্র/গ্রাম/পল্লীফোন/কম্পিউটার)
৯. উচ্চ শিক্ষা ঋণসংক্রান্ত তথ্য (এ মাস)
১০. বিষয়ভিত্তিক উচ্চ শিক্ষা ঋণ বিতরণের তথ্য (এ মাস)
১১. সংগ্রামী সদস্য (এ মাস)
১২. প্রদানকৃত ছাত্রবৃত্তি (এ মাস)
১৩. বিশেষ বিনিয়োগ প্রকল্প বহির্ভূত ২০ হাজার টাকা বা তার বেশী অংকের ঋণ (এ মাস)
১৪. এ মাসে সহজ ঋণ থেকে চুক্তি ঋণে এসেছেন
১৫. এ মাসে চুক্তি ঋণ থেকে সহজ ঋণে এসেছেন
১৬. এ মাসে চুক্তি ঋণ-২ থেকে সহজ ঋণে এসেছেন
১৭. একনাগাড়ে সহজ ঋণের অনাদায়ী এবং আদায়যোগ্য (ঋণ ও সুদ) কিস্তি তথ্য (স্থিতি)
১৮. একনাগাড়ে চুক্তি ঋণের অনাদায়ী এবং আদায়যোগ্য (ঋণ ও সুদ) কিস্তির তথ্য (স্থিতি)
১৯. সহজ ঋণের মেয়াদোত্তীর্ণ (স্থিতি)
২০. চুক্তি ঋণের মেয়াদোত্তীর্ণ (স্থিতি)
২১. গৃহঋণের মেয়াদোত্তীর্ণ (স্থিতি)
২২. অন্যান্য ঋণের মেয়াদোত্তীর্ণ (স্থিতি)
২৩. ঋণ বীমা (এ মাস)
২৪. ঋণ বীমাভুক্তি (এ মাস)
২৫. জীবন বীমা তহবিল (এ মাস)
২৬. গৃহ ঋণের সংখ্যা (এ মাস)
২৭. অন্য কোন ঋণ নেই শুধুমাত্র গৃহ ঋণ আছে এমন ঋণী সংখ্যা (স্থিতি)
২৮. পুরাতন অঙ্গিকে গ্যারান্টিসহ বিশেষ বিনিয়োগ ঋণ সংক্রান্ত তথ্য (শুধু বিশেষ বিনিয়োগ অংকের তথ্য দিতে হবে) এ মাস
২৯. নতুন অঙ্গিকে গ্যারান্টিসহ বিশেষ বিনিয়োগ ঋণ সংক্রান্ত তথ্য (শুধু বিশেষ বিনিয়োগ অংকের তথ্য দিতে হবে) এ মাস
৩০. গ্যারান্টি ছাড়া বিশেষ বিনিয়োগ ঋণ সংক্রান্ত তথ্য (শুধু বিশেষ বিনিয়োগ অংকের তথ্য দিতে হবে) এ মাস
৩১. নবীন উদ্যোক্তা ঋণ (এ মাস)
৩২. সমন্বয় ও পরিচালনা বিভাগ থেকে পুস্তিকাকারে প্রকাশিত যোগাযোগ এবং ক্রমাগত যোগাযোগের চুক্তিযোগ্য টাকা-২ (কু-ঋণ) আদায়ের বিশেষ কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ও সহায়িকা (২য় সংস্করণ, জুন ২০২৫) অনুযায়ী যে সকল শাখায় চুক্তি যোগ্য-২, থেকে সহজ ঋণে প্রবেশের কর্মসূচী গৃহীত হয়েছে কেবল মাত্র সে সকল শাখার তথ্য দিতে হবে।
৩৩. ঝুঁকি ঋণ (লাল প্রতিশনের পূর্বাভাস) স্থিতি
৩৪. সহজ ঋণ পরিশোধের মেয়াদ (বিশেষ বিনিয়োগ ছাড়া) স্থিতি

৩৫. কর্মী প্রতি সক্রিয় সদস্য সংখ্যা (স্থিতি)
৩৬. সহজ (আওতাভুক্ত সকল) ঋণের খেলাপী, ঝুঁকি ও মেয়াদোত্তীর্ণ হয়নি কিন্তু মাঝে মধ্যে ড্রাপ/টোকেন কিস্তি দেন এমন তথ্য
৩৭. লাল প্রতিশন ও লাভ/লোকসানের তথ্য (স্থিতি)
৩৮. সহজ ঋণের চিহ্নিত সুদঃ (সুদের যে পরিমাণ ব্যালেন্স নিয়ে চুক্তি ঋণ সহজ ঋণে প্রবেশ করেছে সে সুদকে চিহ্নিত সুদ বলা হবে।)
৩৯. সদস্য সংক্রান্ত
৪০. ঋণে মিসিত কেন্দ্র ঘর (এ মাস)
৪১. ২৩ সপ্তাহ পর ঋণ গ্রহণ করেন নি এমন ঋণী সংখ্যা
৪২. সাপ্তাহিক সঞ্চয় পাওনা ও আদায়
৪৩. অন্য কোন ঋণ নেই শুধুমাত্র গৃহঋণ আছে এমন ঋণীর মেয়াদোত্তীর্ণ সংখ্যা
৪৪. নিক্রিয় সদস্য
৪৫. পাওনার চেয়ে কম কিস্তি প্রদানকারীর সংখ্যা
৪৬. বিশেষ বিনিয়োগ ঋণের পূর্ণ পরিশোধকৃত ঋণের পরিমাণ (টাকায়)
৪৭. বিশেষ বিনিয়োগ ঋণের খেলাপীর তথ্য (ক্রমাগত ১ থেকে ৯ সপ্তাহ উত্তীর্ণ ঋণী সংখ্যা) স্থিতি
৪৮. গ্যারান্টিসহ বিশেষ বিনিয়োগ ঋণের মেয়াদোত্তীর্ণ (পুরাতন আঙ্গিকে) স্থিতি
৪৯. গ্যারান্টিসহ বিশেষ বিনিয়োগ ঋণের মেয়াদোত্তীর্ণ (নতুন আঙ্গিকে) স্থিতি
৫০. গ্যারান্টি ছাড়া বিশেষ বিনিয়োগ ঋণের মেয়াদোত্তীর্ণ স্থিতি
৫১. নবীন উদ্যোক্তা ঋণের মেয়াদোত্তীর্ণ (স্থিতি)
৫২. নিজস্ব আয়োজনে নির্মিত সুপারিসর কেন্দ্র ঘর সংখ্যা স্থিতি
৫৩. এ মাসে চুক্তি ঋণের অন্ততঃ দুটি কিস্তি দিয়েছেন এমন সংখ্যা
৫৪. এ মাসে মেয়াদ পূর্তির পর জিপিএস ভাঙ্গানো
৫৫. কেন্দ্রের শ্রেণী বিন্যাসঃ
৫৬. জিপিএস হিসাব আছে অথচ ঋণ নেই এমন সদস্য সংখ্যা (স্থিতি)
৫৭. চুক্তি ঋণের সুদের ব্যালেন্স (আদায়যোগ্য সুদ)
৫৮. অনুমোদিত বকেয়া সুদ এর তথ্য (এ মাস)
৫৯. ঋণের খাত ভিত্তিক পূর্ণ ড্রপ এবং আংশিক ড্রপ কিস্তি সংখ্যার ছক
৬০. শেয়ার হস্তান্তর যোগ্য/শেয়ার ক্রয় যোগ্য সদস্য সংখ্যা (স্থিতি)
৬১. বিশেষ বিনিয়োগ ঋণ বিতরণ (গ্যারান্টি ছাড়া)
৬২. বিশেষ বিনিয়োগ ঋণের খেলাপী, ঝুঁকি ও মেয়াদোত্তীর্ণ (গ্যারান্টি ছাড়া)
৬৩. উচ্চ শিক্ষা ঋণ সংক্রান্ত
৬৪. নতুন যোগদানকারী সদস্যদের ঋণ বিতরণ পরিস্থিতি
৬৫. আদায়যোগ্য থেকে আমানত বেশী এমন ঋণী সংখ্যা
৬৬. বিশেষ বিনিয়োগ ঋণ নেই এমন কর্মী সংখ্যা ও কেন্দ্র সংখ্যা
৬৭. গ্রুপ পরিত্যাগকারী সদস্য সংখ্যা
৬৮. আদায়যোগ্য ঋণ (সকল ঋণ)
৬৯. দুর্গতঘোষণা/দুর্গতঘোষণা প্রত্যাহারের তথ্য (এ মাস)
৭০. কিস্তি প্রদানের ভিত্তিতে চুক্তি ঋণীর শ্রেণীবিন্যাস (সংখ্যায়)

খ) মোডিফিকেশন রিপোর্ট :

সিস্টেম-এ একটি শক্তিশালী **Comprehensive Dynamic Report Module** থাকতে হবে। যার মাধ্যমে গ্রামীণ ব্যাংক প্রয়োজন/চাহিদামত রিপোর্ট তৈরী করে নিতে পারবে। নিম্নে এ ধরনের কিছু চাহিদা উল্লেখ করা হলো-

১. রিপোর্টগুলো ডেইলি কাজের সাথে সম্পর্কিত হবে। পোস্টিং দেওয়ার সাথে সাথে তথ্য আপডেট হতে হবে।
২. পিডিএফ এবং এক্সেল উভয় সিস্টেমে ডাউনলোড করার ব্যবস্থা থাকতে হবে।
৩. নির্দিষ্ট একজন কর্মী সিলেক্ট করে রিপোর্ট নেওয়ার ব্যবস্থা থাকবে, যাতে তার সকল কেন্দ্রের তথ্য কেন্দ্র ভিত্তিক আসে।

৪. নির্দিষ্ট একটি শাখা সিলেক্ট করে রিপোর্ট নেওয়া হলে সে শাখার আওতায় সকল কর্মী এর তথ্য কর্মী ভিত্তিক আসবে।
৫. একটি নির্দিষ্ট এরিয়ার রিপোর্ট সিলেক্ট করলে কর্মী ভিত্তিক এবং শাখা ভিত্তিক দুইভাবে রিপোর্ট নেওয়ার ব্যবস্থা থাকবে।
৬. কর্মী ভিত্তিক, শাখা ভিত্তিক এবং এরিয়া ভিত্তিক এই তিনভাবে এরিয়ার রিপোর্ট নেওয়ার ব্যবস্থা থাকবে।
৭. যে কোন একটি নির্দিষ্ট প্রোডাক্ট/প্রজেক্ট সিলেক্ট করে রিপোর্ট নেওয়ার ব্যবস্থা থাকবে।

২। প্রতিষ্ঠানিক সক্ষমতাঃ

১. প্রতিষ্ঠানটি বাংলাদেশী হতে হবে।
২. ক্ষুদ্রঋণ কার্যক্রমের অনুরূপ সফটওয়্যার তৈরী, বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩. একাধিক ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থার কমপক্ষে ১,০০০টি শাখার ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যার বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের ১০ বছরের অধিক সময়ের অভিজ্ঞতা থাকতে হবে।
৪. ১,০০০ এর অধিক শাখা সম্পন্ন কোন ক্ষুদ্রঋণ সংস্থার মাঠপর্যায় থেকে শুরু করে তথ্যপ্রযুক্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম (হার্ডওয়্যার, সফটওয়্যার, লোকবল, ডাটা এন্ট্রিসহ সামগ্রিক তথ্য ব্যবস্থাপনা) পরিচালনা করার প্রমাণিত অভিজ্ঞতা থাকতে হবে।
৫. সফটওয়্যার তৈরী ও সাপোর্টে জন্য ন্যূনতম ৩০জন লোকবল থাকতে হবে, এর মধ্যে ১৫জন প্রকৌশলী থাকতে হবে। অটোমেশন কার্যক্রম বাস্তবায়নে নিজস্ব লোকবল দিয়ে সফটওয়্যার ব্যবহারের অভিজ্ঞতা এবং প্রয়োজনে প্রয়োজনীয় জনবল সরবরাহের সক্ষমতা থাকতে হবে।
৬. প্রতিষ্ঠানটি ISO সার্টিফাইড হতে হবে।
৭. গ্রামীণ ব্যাংকের তথ্য প্রযুক্তির আধুনিকায়নের যাত্রায় দীর্ঘমেয়াদী সহায়তা প্রদানের সক্ষমতা প্রমাণ স্বরূপ প্রতিষ্ঠানটির আর্থিক সক্ষমতা প্রমাণের জন্য সর্বশেষ ০৩ বছরের প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন জমা দিতে হবে।
৮. প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য একটি প্রশিক্ষিত দল থাকতে হবে যারা মাঠপর্যায়ে গ্রামীণ ব্যাংকের কর্মীদের প্রশিক্ষণ প্রদান করবে।
৯. কার্যাদেশ পাওয়ার ১০ মাসের মধ্যে সফটওয়্যার প্রস্তুত এবং টেস্টিং সম্পন্ন করে পাইলট ইমপ্লিমেন্টেশনের জন্য পুরো সিস্টেম প্রস্তুত হতে হবে।
১০. সকল ধরনের তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে হবে। গ্রামীণ ব্যাংকের কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া কোন তথ্য গ্রামীণ ব্যাংকের বাহিরে প্রদান করা যাবে না।
১১. গ্রামীণ ব্যাংক কর্তৃক কার্যক্রম পরিচালনায় নীতিগত কোন পরিবর্তন করার প্রয়োজন হলে চলমান সফটওয়্যারের পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করার জন্য গ্রামীণ ব্যাংক-এর পক্ষে তথ্য ও প্রযুক্তি বিভাগ থেকে লিখিতভাবে জানানোর প্রেক্ষিতে উভয় পক্ষের সম্মতিতে নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করার সক্ষমতা থাকতে হবে।
১২. প্রতিষ্ঠানটি SaaS মডেলে সফটওয়্যার সিস্টেমের সার্ভিসটি দেয়ার জন্য সক্ষম হতে হবে এবং এই সার্ভিস দেয়ার জন্য মাসিক চার্জের ভিত্তিতে পেমেন্ট গ্রহণ করতে হবে।

৩। প্রস্তাব জমা দেওয়ার নির্দেশনা

প্রস্তাব পত্রে যা যা থাকতে হবেঃ

১. কোম্পানির প্রোফাইল ও অভিজ্ঞতা, ২. টেকনিক্যাল প্রস্তাবনা, ৩. আর্থিক প্রস্তাবনা (সাবস্ক্রিপশন ও বাস্তবায়ন খরচ), ৪. বাস্তবায়ন পরিকল্পনা ও সময়সূচি, ৫. সাপোর্ট ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা, ৬. রেফারেন্স প্রকল্পের তালিকা।

বিঃ দ্রঃ ১৫ অক্টোবর, ২০২৫ তারিখ অফিস সময়ের মধ্যে (০৬:০০ টার মধ্যে) Proposal এর হার্ডকপি বিভাগ প্রধান, তথ্য ও প্রযুক্তি বিভাগ, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-১২১৬ বরাবর এবং সফট কপি it@grameenbank.org.bd -তে ই-মেইলে প্রেরণ করতে হবে।